আর যে ব্যক্তি ‘লা ইলাহা ইল্লাল্লাহ’ এর অর্থ ও প্রয়োজনীয় বিষয়গুলো জানতে পারবে তা উত্তম ও অধিক কল্যাণকর কাজ। যে ব্যক্তি এটা জানতে পারেনি তাকে তা জানার দায়িত্ব দেওয়া হয়নি। বিশেষভাবে যখন এতে ঝগড়া ও মতানৈক্য হয়। যা মন্দ ইখতিলাফ ও এমন মু’মিনদেরকে দলাদলির দিকে ধাবিত করে - যারা ঈমানের আবশ্যকীয় বিষয়গুলো পালন করে, আল্লাহর জন্য জিহাদ করে, মুশরিকদের সাথে শত্রুতা করে এবং মুসলিমদের সাথে ওয়ালা করে।”[45] তার رَحِمَهُ الله এর উক্তি শেষ।

এখানে আমরা এতটুকুই যথেষ্ট মনে করছি। আমরা আল্লাহ তা’আলার নিকট কামনা করি, তিনি আমাদেরকে যা শিক্ষা দিয়েছেন সে অনুযায়ী উপকৃত করেন,

---

[44] মুজাদালাহ - ২২

[45] আদ-দুরারুস সানিয়্যাহ- ৮/১৬৬

হক্বের জন্য আমাদের কথাকে এক করে দেন এবং আমাদেরকে হিদায়াতপ্রাপ্ত মাহদিয়্যীনদের অন্তর্ভুক্ত করেন। আমাদের সর্বশেষ কথা হল, সকল প্রশংসা জগৎসমূহের রব আল্লাহর।

তৃতীয় পর্বঃ

মুশরিকদের তাকফির করা

الحَمْدُ لله ربِّ العٰلمِينَ، والعَاقِبةُ للمُتّقِينَ، وَلا عُدوَانَ إلا على الظّاِلمِينَ

وَأَشْهَدُ أنْ لا إلٰه اللّٰهُ وَحْدَهُ لا شَرِيكَ لَهُ المَلِكُ الحَقُّ المُبِين، وأَشْهدُ أنّ

مُحَمّدًا عَبْدُه ورَسُولُه إِمَامُ الأوّلِينَ والآخِرِينَ، أمّا بَعْدُ؛

সকল প্রশংসা জগৎসমূহের রব আল্লাহর জন্য এবং শুভ পরিণাম মুত্তাক্বীদের জন্য। আর শত্রুতা শুধুমাত্র অত্যাচারিদের জন্য। আমি সাক্ষ্য দিচ্ছি আল্লাহ ব্যতীত কোন ইলাহ নেই - যিনি একক যার কোন শরীক নেই, যিনি সত্য স্পষ্ট মহাঃআধিপতি। আমি আরো সাক্ষ্য দিচ্ছি মুহাম্মাদ তার বান্দা ও তার রাসুল - যিনি পূর্ববর্তী এবং পরবর্তীদের ইমাম।

অতঃপরঃ

আল্লাহর সাহায্যে আমরা এই পর্বে মুশরিকদের তাকফির (কাফির সাব্যস্ত) করা সম্পর্কে আলোচনা শুরু করব। আমরা এই পর্বে দুইটি মাস'আলা সম্পর্কে কথা বলবঃ

- **প্রথম মাস'আলাঃ আমরা এখানে কয়েকটি প্রশ্নের উত্তর দিব। তা হল, দ্বীনের মধ্যে 'তাকফির করা' এর স্তর বা স্থান কি?**
- **দ্বিতীয় মাস'আলাঃ আমরা এখানে মুশরিকদের তাকফির করার ক্ষেত্রে বিরত থাকা ব্যক্তির কুফরির কারণ ও হেতু উল্লেখ করব**

এব্যাপারে আলোচনা শুরু করার পূর্বে - যে ব্যক্তি কাফিরকে কাফির সাব্যস্ত করেনা তার কুফরির ব্যাপারে আমরা আহলুল ইলমগণের কিছু নছ (বক্তব্য)

উপস্থাপন করব।

আবুল হাসান আল-মালাত্বী আশ-শাফী رَحِمَهُ اللهُ বলেন, “সকল আহলুল ক্বিবলার লোকদের মাঝে এব্যাপারে কোন মতবিরোধ নেই, যে ব্যক্তি কোন কাফিরের ব্যাপারে সন্দেহ পোষণ করবে সে কাফির হয়ে যাবে।”[46] তার رَحِمَهُ اللهُ এর উক্তি শেষ।

ক্বাযী ইয়ায رَحِمَهُ اللهُ বলেন, “আমরা ঐ ব্যক্তিকে তাকফির করি যে এমন ব্যক্তিকে তাকফির করে না - যে মুসলিমদের মিল্লাত ব্যতীত অন্য মিল্লাতের (ধর্ম) প্রতি নতিস্বীকার করে অথবা তাদের ব্যাপারে ইতস্তত করে অথবা সন্দেহ পোষণ করে অথবা তাদের মতকে সঠিক মনে করে। যদিও সে এর সাথে সাথে ইসলাম প্রকাশ করে, ইসলাম বিশ্বাস করে এবং তা ব্যতীত অন্য সকল মত বাতিল হিসেবে বিশ্বাস করে। সে এর বিপরীতে যাই প্রকাশ করুক না কেন সে একজন কাফির।”[47] তার উক্তি শেষ।

নববী رَحِمَهُ اللهُ বলেন, “যে ব্যক্তি এমন কাউকে তাকফির করে না - যে ইসলাম ব্যতীত অন্য কোন ধর্মের প্রতি নতিস্বীকার করে - যেমন খৃষ্টান অথবা তাদের তাকফির করার ক্ষেত্রে সন্দেহ পোষণ করে অথবা তাদের মাজহাব (মত) কে সঠিক মনে করে সে কাফির।”[48]

হাজ্জাওয়ী رَحِمَهُ اللهُ এ বিষয়ের উপর নছ (বক্তব্য) লিখেছেন যে, “নিশ্চয়ই যে এমন ব্যক্তিকে তাকফির করে না - যে ইসলাম ব্যতীত অন্য ধর্মের প্রতি নতিস্বীকার করে, যেমন - খৃষ্টান অথবা তাদের কুফরিতে সন্দেহ পোষণ করে অথবা তাদের মতকে সঠিক মনে করে সে কাফির।”[49] তার উক্তি শেষ।

---

[46] আত-তানবিহ ওয়ার রাদ্দু আলা আহলিল-আহওয়া ওয়াল-বিদআহ - ৪০

[47] আশ-শিফা বি-তা’রীফি হুক্বুক্বিল-মুস্তফা -২/২৮৬

[48] রওদাতুত-ত্বলিবীন- ১০/৭০

[49] আল-ইক্বনা-৪/২৯৮

বুহুতী رَحِمَهُ اللهُ ঐ ব্যক্তিকে তাকফির করার ব্যাপারে নছ লিখেছেন, "যে এমন ব্যক্তিকে তাকফির করে না - যে ইসলামের দ্বীন ব্যতীত অন্য দ্বীনের প্রতি নতিস্বীকার করে যেমন - আহলে কিতাব অথবা তাদের কুফরিতে সন্দেহ করে অথবা তাদের মতবাদকে সঠিক মনে করে সে একজন কাফির।"[50]

শাইখুল মুজাদ্দিদ মুহাম্মাদ ইবনে আব্দুল ওয়াহহাব رَحِمَهُ اللهُ বলেন, "যে ব্যক্তি মুশরিকদের তাকফির করে না অথবা তাদের কুফরিতে সন্দেহ পোষণ করে অথবা তাদের মতবাদকে সঠিক মনে করে, সে সকলের ঐক্যমতে কাফির হয়ে যাবে।"[51] তাদের رَحِمَهُمُ اللهُ উক্তি শেষ।

▲ এখন আমরা প্রথম মাস'আলা বর্ণনা শুরু করব। তা হল কয়েকটি প্রশ্নের উত্তর দেওয়াঃ

দ্বীনের মধ্যে তাকফিরের স্তর বা স্থান কি?

উত্তরঃ নিশ্চয়ই তাকফির করা একটি শারয়ী হুকুম। যেখানে আক্বলের কোন স্থান নেই এবং তাকফির করা আসলুদ-দ্বীনের মাস'আলা ও মূল অর্থের অন্তর্ভুক্ত নয়। যার আলোচনা আমরা বিগত পর্বে করেছি। সুতরাং মুশরিকদের তাকফির করা ওয়াজিবাতুদ-দ্বীনের (দ্বীনের আবশ্যকীয় বিষয়) অন্তর্ভুক্ত। তা আসলুদ-দ্বীনের অন্তর্ভুক্ত নয়।

তাহলে আসলুদ-দ্বীন এবং ওয়াজিবাতুদ-দ্বীন এর মধ্যে পার্থক্য কি?

পার্থক্য হলঃ নিশ্চয়ই আসলুদ-দ্বীনের ক্ষেত্রে কোন ব্যক্তির জাহালতের উজর গ্রহণযোগ্য নয় এবং তা পরিত্যাগকারী অথবা এর কিছু অংশ পরিত্যাগকারীর উপর হুজ্জাত প্রতিষ্ঠা করা শর্ত নয়।

তাকফির করা শারয়ী একটি হুকুম। যার ক্ষেত্রে জাহালত ও তা'ওয়ীলের

---

[50] শরহু মুনতাহা আল-ইবাদাত- ৩/৩৯৫

[51] আদ-দুরারুস সানিয়্যাহা- ১০/৯১

(ব্যাখ্যার) উজর গ্রহণযোগ্য।

অতঃপর তাকফির করা একটি স্তরের মধ্যে সীমাবদ্ধ নয়। বরং এর অনেকগুলো স্তর রয়েছে। এর সর্বোচ্চটি, যা আবশ্যকীয়ভাবে দ্বীন থেকে জানা যায়। যেমন ঐ সকল ব্যক্তিদের তাকফির করা, যাদেরকে আল্লাহ তা'আলা নির্দিষ্ট করে তার কিতাবে তাকফির করেছেন। যেমন- ইবিলিস, ফিরআউন এবং প্রত্যেক ঐ সকল ব্যক্তি যারা ইসলাম ব্যতীত অন্য ধর্মের প্রতি নতিস্বীকার করে, যেমন - ইহুদী, খ্রিস্টান এবং মূর্তির ইবাদাতকারীদের ধর্মের প্রতি।

তাকফিরের সর্বোনিম্ন স্তরটি হলঃ যার তাকফিরের ব্যাপারে ইখতিলাফ রয়েছে। যেমন - সালাত পরিত্যাগকারী এবং অন্যান্য ব্যক্তি।

এ দুইটির মাঝে বিপরীতমুখী কিছু স্তর রয়েছে। আল্লাহর অনুমতিক্রমে আগামী পর্বে আমরা তা আলোচনা করব।

আমরা বলি, নিশ্চয়ই তাকফির করা ওয়াজিবাতুদ-দ্বীনের অন্তর্ভুক্ত এবং এটি একটি শারয়ী হুকুম। শারয়ী দলিল ব্যতীত যার কোন উৎস নেই এবং যেখানে আক্বলের কোন স্থান নেই। আর আহলুল ইলমগণ এব্যাপারে পর্যায়ক্রমে ব্যাখ্যা লিখেছেন ও জোর তাগিদ দিয়েছেন। তাদের কিছু উক্তি আপনাদের সামনে পেশ করছিঃ

ক্বাযী ইয়ায رَحِمَهُاللهُ বলেন, "পরিচ্ছেদ - এমন বিষয় প্রসঙ্গে - কিছু কথা কুফর এবং যে ব্যাপারে ইতস্তত করা হয় অথবা যে ব্যাপারে ইখতিলাফ করা হয় এবং যা কুফর নয়। আপনি জেনে রাখুন! এই অধ্যায় প্রমাণিত করা এবং এব্যাপারে সন্দেহ দূর করার **উৎস হল শারীয়াহ। যাতে আক্বলের কোন স্থান নেই।**"[52] তার উক্তি শেষ।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ رَحِمَهُاللهُ বলেন, "তাকফির করা **একটি**

[52] আশ-শিফা বি-তা'রীফি হুক্কুক্বিল মুস্তফা -২/২৮২

শারয়ী হুকুম - যা সম্পদ বৈধকরণ, রক্ত ঝরানো এবং জাহান্নামে চিরস্থায়ী অবস্থানের হুকুমের দিকে ফিরে যায়। তাই তা গ্রহণের উৎস শারয়ী অন্যান্য আহকাম গ্রহণের উৎসের মতই।"[53]

তিনি رَحِمَهُ الله বলেন, "**সুতরাং কুফর এবং ফিসক্ব শারয়ী আহকামের অন্তর্ভুক্ত। এটা ঐ সকল আহকাম নয় যার ব্যাপারে আক্বল স্বাধীন হয়।** তাই সেই ব্যক্তি কাফির - যাকে আল্লাহ এবং তার রাসুল কাফির সাব্যস্ত করেছেন। ফাসিক সে, যাকে আল্লাহ ও তার রাসুল ফাসিক সাব্যস্ত করেছেন। যেমনিভাবে মু'মিন ও মুসলিম সে, যাকে আল্লাহ ও তার রাসুল মু'মিন এবং মুসলিম করেছেন। তার এ কথা পর্যন্ত - সুতরাং এ সকল মাস'আলা শারীয়াহ দ্বারা সাব্যস্ত।"[54]

তিনি رَحِمَهُ الله আরো বলেন, "ঈমান এবং কুফর এ দুটিই আহকামের অন্তর্ভুক্ত যা রিসালাত ও শারয়ী দলিল দ্বারা সাব্যস্ত। যাতে করে মু'মিন ও কাফিরের মাঝে পার্থক্য করা যায়। **শুধুমাত্র আক্বলী দলিল দ্বারা সাব্যস্ত নয়।**"[55] তার উক্তি শেষ।

আল্লামা ইবনুল ক্বাইয়্যিম رَحِمَهُ الله বলেন,

"কুফর আল্লাহ অতঃপর তার রাসুলের হক্ব

যা নছ (কুরআন ও সুন্নাহ) দ্বারা সাব্যস্ত, কোন ব্যক্তির কথা নয়।

জগৎসমূহের রব এবং তার বান্দা (রাসুল)

যাকে কাফির সাব্যস্ত করেছেন সেই কাফির। "

---

[53] বাগিয়্যাতুল মুরতাদ ফি-রাদ্দি আলা মুতাফালসাফাতি ওয়াল ক্বরামাত্বী ওয়াল বাত্বিনিয়্যাহ - ৩৪৫

[54] মিনহাজুস-সুন্নাহ আন-নববীয়্যাহ -৫/৯২

[55] মাজমুউল ফাতাওয়া - ৩/৩২৮

ইবনুল ওয়াযির আছ-ছনআনী رَحِمَهُاللهُ বলেন,"নিশ্চয়ই কুফর এবং ফিসক্বের জন্য শুধুমাত্র শ্রুত কথাই অকাট্যভাবে দলিল হয়। **আর এতে কোন বিতর্ক নেই।**"[56] তার উক্তি শেষ।

এর উপর ভিত্তি করে আমরা বলি, নিশ্চয়ই যে ব্যক্তির কোন কাফির, মুশরিক অথবা তাদের কোন এক দলের ব্যাপারে শারয়ী হুকুম জানা না থাকবে তার হুকুম ঐ ব্যক্তির হুকুমের ন্যায় হবে না, যে শিরক করে। কেননা যে ব্যক্তি শিরক করে সে আসলুদ-দ্বীন ভঙ্গ করে। যেমনটি গত পর্বে আমরা আলোচনা করেছি। সুতরাং তার হুকুম ঐ ব্যক্তির ন্যায় হবে যে শারীয়াহ অথবা ইসলামের ফরজগুলোর কোন ফরজের ব্যাপারে অজ্ঞ। তাই এব্যাপারে যার উপর রিসালাতের হুজ্জাত প্রতিষ্ঠা হবে সে কাফির হয়ে যাবে। আর এব্যাপারে যার নিকট রিসালাতের হুজ্জাত পৌঁছাবে না, সে কাফির হবে না। এর বিপরীতে যে তাওহীদের ব্যাপারে অজ্ঞ হবে - যা আসলুদ-দ্বীন - নিশ্চয়ই জাহালতের কুফরের কারণে সে কাফির। আহলুল ইলমগণ আসলুদ-দ্বীনের ব্যাপারে অজ্ঞতা ও শারয়ী ওয়াজিবাতের (শারীয়াহ'র আবশ্যকীয় বিষয়) ব্যাপারে অজ্ঞতার মাঝে পার্থক্যের উপর পর্যায়ক্রমে প্রতিবেদন লিখেছেনঃ

ইমাম মুহাম্মাদ ইবনে নাছরুল মারওয়াযী আহলুল হাদিসগণের একদলের কথা নক্বল করেন, "যখন আল্লাহর ব্যাপারে ইলম থাকবে তখন সেটা ঈমান হবে এবং যখন আল্লাহর ব্যাপারে জাহালত বা অজ্ঞতা থাকবে তখন সেটা কুফর হবে। **ফরজসমূহের উপর আমল করা হল ঈমান। আর তা অবতীর্ণ হওয়ার পূর্বে এর ব্যাপারে অজ্ঞতা থাকাটা কুফর নয়।** তাদের এ কথা পর্যন্ত...... **যে ব্যক্তি এগুলোকে (ফরজসমূহ) অস্বীকার করে সে আল্লাহর সংবাদকে মিথ্যা প্রতিপন্ন করার কারণে কাফির হবে। আর যদি আল্লাহর পক্ষ থেকে সংবাদ না আসে তাহলে এ ব্যাপারে তার অজ্ঞতার কারণে সে কাফির হবে না। যে ব্যক্তি মুসলিমদের পক্ষ থেকে সংবাদ শুনেনি তার নিকট সংবাদ**

[56] আল-ওয়াসিম ওয়াল-ক্বাওয়াসিম - ৪/১৭৯

আসার পরেও এ (ফরজসমূহ) ব্যাপারে তার অজ্ঞতা থাকার কারণে সে কাফির হবে না। আল্লাহর ব্যাপারে অজ্ঞতা থাকাটা সর্বাবস্থায় কুফর। সংবাদ আসার পূর্বে এবং সংবাদ আসার পরে।"[57] তার رَحِمَهُ اللهُ এর উক্তি শেষ।

তাকফিরের পূর্বে মাস'আলা প্রকাশ হওয়া এবং গোপন হওয়া অনুযায়ী হুজ্জাত প্রতিষ্ঠার গুণাগুণ এবং এই শর্ত বাস্তবায়নের পদ্ধতি ভিন্ন ভিন্ন হয়। সুতরাং তাকফিরের ক্ষেত্রে দ্বিধান্বিত ব্যক্তির উপর ইলমের সম্ভাব্যতা অনুসারে হুজ্জাত প্রতিষ্ঠিত হয়। তখন তার দ্বিধান্বিত হওয়াটা বিমুখতার কারণে, অজ্ঞতার কারণে নয়। তখন উজর গ্রহণযোগ্য হবে না। তবে সে ব্যতীত যে ইসলামে নতুন হয় অথবা দূরবর্তী মরুভূমিতে বসবাস করে। কখনো কখনো যে ব্যক্তি এমনটি করে বা এমনটি বলে তার কুফরির উপর শারয়ী দালিলিক নছ বর্ণনা করার মাধ্যমে হুজ্জাত প্রতিষ্ঠা হয়। শুধুমাত্র আমভাবে কুরআন পৌঁছানো যথেষ্ট নয়। কখনো কখনো সন্দেহ দূরিকরণ ও বিপরীতমুখী দলিলের উত্তর দেওয়ার সাথে সাথে দলিল বর্ণনা করার মাধ্যমে হুজ্জাত প্রতিষ্ঠা হয়। দ্বিধান্বিত ব্যক্তিদের স্তরসমূহ আলোচনার সময় এই মাস'আলার স্পষ্ট বর্ণনা আসবে।

শারীয়াহ'র ব্যাপারে জাহালত এবং আসলুদ-দ্বীনের ব্যাপারে জাহালতের মাঝে পার্থক্যের উপর অথবা মুশরিকদেরকে তাকফির করা শারীয়াহ'র অন্তর্ভুক্ত, সেটা আসলুদ-দ্বীনের অন্তর্ভুক্ত নয় - এর উপর বেশ কিছু দলিল পেশ করা হবে। এর মধ্য থেকে আমি উল্লেখ করছিঃ

নিশ্চয়ই সকল নবীগণ তাদের ক্বওমকে আল্লাহর - যিনি একক ও যার কোন শরীক নেই - ইবাদাতের দাওয়াত দিয়ে শুরু করেছেন। আর যদি তাকফিরের আহকামের ব্যাপারে জাহালত থাকাটা কুফর হত, তাহলে অবশ্যই আসলুদ-দ্বীন বর্ণনার থেকে এর বর্ণনা করাটা এক মূহুর্তও বিলম্বিত হত না।

পার্থক্য হওয়ার আরো একটি দলিল হলঃ নিশ্চয়ই তাকফির করা ওয়াজিবাতুদ -দ্বীনের (দ্বীনের আবশ্যকীয় বিষয়) অন্তর্ভুক্ত। এটি (তাকফির করা) একটি

[57] তা'যীমু ক্বদরিস সালাহ -২/৫২০

শারয়ী হুকুম **এবং তা আসলুদ-দ্বীনের অন্তর্ভুক্ত নয়।** এটা প্রমানিত যে, সাহাবীগণ رَضِيَ اللَّهُ عَنْهُمْ দের মধ্য থেকে কেউ কেউ রিদ্দায় পতিত সম্প্রদায়কে তাকফির করার ব্যাপারে দ্বিধান্বিত ছিলেন এবং তারা তাদেরকে মুসলিম হিসেবে আখ্যায়িত করেছেন। যখন ঐ সম্প্রদায়ের কুফরি বর্ণনা সম্বলিত আয়াত নাযিল হল তখন দ্বিধা করার কারণে সাহাবীগণকে তাওবা করতে বলা হয়নি। পক্ষান্তরে এটাও প্রমাণিত যে, সাহাবীগণের কেউ জাহিল বা অজ্ঞ হয়ে শিরকে পতিত হলে তা সত্বেও সাহাবীগণ তাকে তাকফির করেছেন এবং নাবী ﷺ তাকে নতুনভাবে ইসলাম গ্রহণের আদেশ করেছেন। আর এটাই যে ব্যক্তি অজ্ঞতাবশত শিরকে পতিত হয় এবং যে ব্যক্তি শারীয়াহ'র বিষয়সমূহে অজ্ঞ হয়, তার পার্থক্যের উপর প্রমাণ।

ইবনে আব্বাস رَضِيَ اللَّهُ عَنْهُمَا থেকে বর্ণিত তিনি বলেন, "মক্কার একটি সম্প্রদায় ইসলাম গ্রহণ করে ইসলামের ব্যাপারে তারা নিজেদেরকে গোপন করেছিল। অতঃপর মুশরিকরা তাদেরকে তাদের (মুশরিকদের) সাথে বদরের দিন বের করে নিয়ে গিয়েছিল। ফলে তাদের কেউ আহত হল এবং কেউ নিহত হল। অতঃপর মুসলিমরা বলল, **আমাদের এই সঙ্গীরা মুসলিম যাদেরকে বাধ্য করা হয়েছে তাই আপনারা তাদের জন্য ক্ষমা প্রার্থনা করুন!** অতঃপর এ আয়াত নাযিল হল -

إِنَّ ٱلَّذِينَ تَوَفَّاهُمُ ٱلْمَلَائِكَةُ ظَالِمِي أَنْفُسِهِمْ قَالُوا فِيمَ كُنْتُمْ ۖ قَالُوا كُنَّا مُسْتَضْعَفِينَ فِي الْأَرْضِ ۚ قَالُوا أَلَمْ تَكُنْ أَرْضُ اللَّهِ وَاسِعَةً فَتُهَاجِرُوا فِيهَا ۚ فَأُولَٰئِكَ مَأْوَاهُمْ جَهَنَّمُ ۖ وَسَاءَتْ مَصِيرًا ﴿﴾

"নিশ্চয়ই যারা নিজেদের উপর জুলুম করে তাদের মৃত্যুর সময় ফিরিস্তাগণ বলে, তোমরা কি অবস্থায় ছিলে? তারা বলে, আমরা দুনিয়ায় দূর্বল ছিলাম।

তারা বলে, আল্লাহর জমিন কি প্রশস্ত ছিল না যেথায় তোমরা হিজরত করতে? তাদের আবাসস্থল জাহান্নাম, আর তা কত মন্দ আবাস!"[58] তিনি বলেন, মুসলিমদের মধ্য থেকে যারা অবশিষ্ট ছিল তারা আমার নিকট এই আয়াত লিখেছেন এবং এও যে, **তাদের জন্য কোন উজর নেই।** তিনি বলেন, তারা বের হয়েছে। অতঃপর মুশরিকরা তাদের সাথে মিলিত হয়েছে অতঃপর তারা তাদেরকে ফিতনাগ্রস্থ করেছে। এর পর তাদের ব্যাপারে এই আয়াত নাযিল হয়েছে -

وَمِنَ النَّاسِ مَنْ يَقُولُ آمَنَّا بِاللَّهِ فَإِذَا أُوذِيَ فِي اللَّهِ جَعَلَ فِتْنَةَ النَّاسِ كَعَذَابِ اللَّهِ وَلَئِنْ جَاءَ نَصْرٌ مِنْ رَبِّكَ لَيَقُولُنَّ إِنَّا كُنَّا مَعَكُمْ ۚ أَوَلَيْسَ اللَّهُ بِأَعْلَمَ بِمَا فِي صُدُورِ الْعَالَمِينَ ﴿١٠﴾

"মানুষের মধ্যে কতক বলে, আমরা আল্লাহর উপর ঈমান এনেছি। অতঃপর যখন আল্লাহর রাস্তায় তাদের কষ্ট দেয়া হয়, তখন তারা মানুষের নিপীড়নকে আল্লাহর শাস্তির মত মনে করে। আর যদি আপনার রবের পক্ষ থেকে কোন বিজয় আসে, তখন অবশ্যই তারা বলে, নিশ্চয়ই আমরা তোমাদের সাথে ছিলাম। জগতবাসীর অন্তরসমূহে যা কিছু আছে আল্লাহ কি তা সম্পর্কে সম্যক অবগত নন?"[59], [60]

শাইখ আব্দুল্লাহ ইবনে মুহাম্মাদ ইবনে আব্দুল ওয়াহহাব رَحِمَهُ اللهُ বলেন, "অতঃপর আল্লাহ এই আয়াত অবতীর্ণ করেছেন এবং এই সকল মুশরিকদের

---

[58] সুরা নিসা- ৯৭

[59] সুরা আনকাবুত -১০

[60] তাফসীরে ত্ববারী - ৯/১০২- সহিহ সনদে বর্ণিত

হুকুম বর্ণনা করেছেন যে, ইসলামের কথা বলা সত্বেও তারা জাহান্নামের অধিবাসী।"[61] তার উক্তি শেষ।

সা'দ ইবনে আবী ওয়াক্কাস رَضِيَاللَّهُعَنْهُ থেকে বর্ণিত তিনি বলেন, "আমরা কিছু বিষয় নিয়ে আলোচনা করছিলাম, আর আমি জাহিলী যুগ থেকে নতুন ফিরে এসেছি। অতঃপর আমি লাত ও উজ্জার নামে কসম করে ফেললাম। ফলে আল্লাহর রাসুল ﷺ এর সাহাবীগণ আমাকে বললেন, তুমি তো এক নিকৃষ্ট কথা বলেছ। আল্লাহর রাসুল ﷺ এর নিকট গিয়ে তাকে সংবাদ দাও। আমরা মনে করি তুমি কুফরি করেছ। অতঃপর আমি তার সাথে সাক্ষাৎ করে তাকে অবহিত করি। অতঃপর তিনি বললেন, তুমি তিনবার বল 'লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াহদাহ', শয়তান থেকে তিনবার আশ্রয় চাও, তোমার বামে তিনবার থুথু ফেল এবং তা আর করবে না।"[62]

ইবনুল ওয়াযীর আছ-ছনআনী رَحِمَهُاللَّهُ এই হাদিসের তা'লীকে বলেন, "এটা নতুনভাবে ইসলাম গ্রহণ করার একটি আদেশ।"[63] তার উক্তি শেষ।

ইবনুল আরাবী আল-মালিকী رَحِمَهُاللَّهُ বলেন, "সুতরাং যে ব্যক্তি ইসলামে থাকা অবস্থায় সম্মান করার জন্য জোর দিয়ে তার শপথে বলবে, 'লাত ও উযযার শপথ' প্রকৃতপক্ষে সে একজন কাফির।"[64] তার উক্তি শেষ।

শাইখ সুলাইমান ইবনে আব্দুল্লাহ رَحِمَهُاللَّهُ বলেন, "আলিমগণের একদল এটাকে অর্থাৎ সা'দ رَضِيَاللَّهُعَنْهُ এর হাদিস গ্রহণ করে বলেন, "যে ব্যক্তি আল্লাহ ব্যতীত অন্যের নামে কসম করবে সে শিরকের কুফরির মাধ্যমে কাফির হবে। তারা বলেন, একরণেই নাবী ﷺ তাকে 'লা ইলাহা ইল্লাল্লাহ' বলার মাধ্যমে

---

[61] আদ-দুরারুস সানিয়্যাহ- ১০/২৪১

[62] নাসাঈ- ৭/৭/৩৭৭৬।

[63] ইছারুল হাক্কী আলাল খলক্ব- ৩৮০

[64] আরিদাতুল আহওয়াযী- ১/২৮

নতুনভাবে ইসলাম গ্রহণ করার আদেশ দিয়েছেন। সুতরাং যদি এটা মিল্লাত থেকে বের করে দেয় এমন কুফরি না হত, তাহলে তাকে এই (নতুনভাবে ইসলাম গ্রহণ) ব্যাপারে আদেশ দেওয়া হত না। আর জুমহুর উলামাগণ বলেন, মিল্লাহ থেকে বের করে দেয় এমন কুফরি তিনি করেন নি। কিন্তু তা শিরকে আছগারের অন্তর্ভুক্ত।"[65] তার উক্তি শেষ।

সুতরাং জাহিলী যুগ থেকে নতুন ফিরে আসা সত্বেও এব্যাপারে সা'দ رَضِيَ اللهُ عَنْهُ এর উজর গ্রহণযোগ্য হয়নি।

এব্যাপারে পার্থক্যের উপর প্রমাণসমূহের আরো একটি হলঃ নিশ্চয়ই তাকফির করা ওয়াজিবাতুদ-দ্বীনের অন্তর্ভুক্ত এবং তা শারয়ী একটি হুকুম। এটা আসলুদ -দ্বীনের অন্তর্ভুক্ত নয় - যার ক্ষেত্রে কারো উজর গ্রহণ করা হয় না। বর্ণিত আছে যে, সাহাবীগণ رَضِيَ اللهُ عَنْهُمْ কিছু সংখ্যক মুরতাদকে তাকফির করার ব্যাপারে ইখতিলাফ করেছিলেন। তাই যখন আল্লাহ তা'আলা ঐ সম্প্রদায়ের কুফরি স্পষ্ট রূপে বর্ণনা করলেন, তখন তাদের ব্যাপারে যে দ্বিধায় ছিল তাকে নতুন করে ইসলাম গ্রহণের আদেশ দেওয়া হয়নি।

আল্লাহ তা'আলা বলেন,

فَمَا لَكُمْ فِي الْمُنَافِقِينَ فِئَتَيْنِ وَاللَّهُ أَرْكَسَهُمْ بِمَا كَسَبُوا ۚ أَتُرِيدُونَ أَنْ تَهْدُوا مَنْ أَضَلَّ اللَّهُ ۖ وَمَنْ يُضْلِلِ اللَّهُ فَلَنْ تَجِدَ لَهُ سَبِيلًا ﴿٨٨﴾

"তোমাদের কি হলো যে, তোমরা মুনাফিক্বদের সম্বন্ধে দুই দল হয়ে গেলে। অথচ আল্লাহ তাদেরকে তাদের কৃতকর্মের জন্য পূর্বাবস্থায় ফিরিয়ে দিয়েছেন। আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন তোমরা কি তাকে সৎপথে পরিচালিত করতে চাও? আর আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন তুমি তার জন্য কখনও কোন পথ পাবে

[65] তাইসীরুল আযীযিল হামীদ - ৫২৯

না।"[66]

এই আয়াত নাযিল হওয়ার প্রেক্ষাপটে সহিহ হাদিসে বর্ণিত হয়েছে,"নাবী ﷺ উহুদ যুদ্ধের উদ্দেশ্যে বের হলেন। অতঃপর তার সাথে যারা ছিল তাদের মধ্য থেকে কিছু সংখ্যক লোক ফিরে যায়। ফলে নাবী ﷺ এর সাহাবীগণ তাদের ব্যাপারে দুই দলে বিভক্ত হয়ে পরেন। তাদের কেউ বলল, আমরা তাদের হত্যা করব। আর বাকি অংশ বলল, না।"[67]

মুজাহিদ رَحِمَهُ ٱللَّهُ থেকে সহিহ সূত্রে বর্ণিত হয়েছে, তিনি বলেন, "একদল লোক মক্কা থেকে বের হয়ে মদিনায় এসে পৌঁছাল। তারা মনে করেছিল, তারা মুহাজির। অতঃপর এরপরে তারা ফিরে গেল (মুরতাদ হয়ে গেল)। তাই তারা নাবী ﷺ এর নিকট মক্কায় আসার অনুমতি চাইল, যেন তারা ব্যবসা করার জন্য তাদের পণ্যদ্রব্য নিয়ে আসতে পারে। ফলে মু'মিনগণ তাদের ব্যাপারে মতানৈক্য করেছিল। তাই কেউ বলল, **তারা মুনাফিক্ব।** আর কেউ বলল, **তারা মু'মিন।** অতঃপর আল্লাহ তাদের নিফাক্ব স্পষ্টরূপে বর্ণনা করে দিলেন এবং তাদের সাথে যুদ্ধ করার নির্দেশ করলেন।"[68]

এই অর্থেই আব্দুর রহমান ইবনে আউফ এবং ইবনে আব্বাস رَضِيَ ٱللَّهُ عَنْهُمَا থেকে বর্ণিত হয়েছে। অনুরূপ মুরসাল সূত্রে তা'বিঈদের একদল থেকে সহিহ সূত্রে বর্ণিত হয়েছে - তারা হলেন, ইকরামা, সুদ্দী, ক্বাতাদাহ এবং মুহাম্মাদ ইবনে কা'ব আল-কুরতুবী رَحِمَهُمُ ٱللَّهُ

ইমাম ত্ববারী رَحِمَهُ ٱللَّهُ আল্লাহর এ বাণীর ব্যাখ্যায় বলেন,

﴿ فَمَا لَكُمْ فِي الْمُنَافِقِينَ فِئَتَيْنِ وَاللَّهُ أَرْكَسَهُم بِمَا كَسَبُوا ﴾

[66] সুরা নিসা- ৮৮

[67] মুত্তাফাক্বুন আলাইহি- সহিহ বুখারী- ২/১০৫/১৩৯৯, সহিহ মুসলিম- ২/৫/৭৮১

[68] ত্ববারী তার তাফসীরে সহিহ সনদে বর্ণনা করেছেন - ৮/৯/১০০৫২

"তোমাদের কি হলো যে, তোমরা মুনাফিক্বদের সম্বন্ধে দুই দল হয়ে গেলে, অথচ আল্লাহ তাদেরকে তাদের কৃতকর্মের জন্য পূর্বাবস্থায় ফিরিয়ে দিয়েছেন।"[69]

তিনি বলেন, "এর অর্থ হলঃ **আল্লাহ তাদেরকে মুশরিকদের হুকুমে ফিরিয়ে দিলেন** - তাদের রক্ত বৈধকরণ এবং তাদের সন্তান-সন্ততি বন্দিকরণের ক্ষেত্রে।"[70] তার উক্তি শেষ।

ইমাম ত্ববারী এটাকে প্রাধান্য দিয়েছেন যে, নিশ্চয়ই এই আয়াত এমন সম্প্রদায়ের ব্যাপারে অবতীর্ণ হয়েছে যারা ইসলাম থেকে মুরতাদ হয়েছে। এমনিভাবে এই আয়াত অবতীর্ণ হওয়ার কারণের ব্যাপারে সালাফদের উক্তিসমূহ উল্লেখ করার পর তিনি বলেন, "এই ব্যাপারে সবচেয়ে সঠিক কথা হল ঐ ব্যক্তির কথা - যে বলে, এই আয়াত আল্লাহর রাসুল ﷺ এর সাহাবীগণের ইখতিলাফের ব্যাপারে অবতীর্ণ হয়েছে। (ইখতিলাফ) **মক্কার এক সম্প্রদায়ের ব্যাপারে যারা ইসলাম গ্রহণের পর ইসলাম থেকে মুরতাদ হয়ে গিয়েছিল।**"[71] তার উক্তি শেষ।

ইবনে আবী যামানীন رَحِمَهُ الله বলেন, "তারা হল মুনাফিক্বদের একটি দল যারা মদিনায় ছিল। অতঃপর তারা সেখান থেকে মক্কার উদ্দেশ্যে বের হয়ে যায়। অতঃপর তারা মক্কা থেকে ইয়ামামার উদ্দেশ্যে ব্যবসায়ী হিসেবে যায়। এর পরে তারা ইসলাম থেকে মুরতাদ হয়ে যায় এবং তাদের অন্তরের শিরক প্রকাশ করে। অতঃপর মুসলিমগণ তাদের সাথে সাক্ষাৎ করে দুই দলে বিভক্ত হয়ে পড়ে অর্থাৎ দুই গ্রুপে। তাদের কেউ বলেন, তাদের রক্ত হালাল হয়েছে, তারা মুশরিক মুরতাদ। আর তাদের বাকি অংশ বলেন, তাদের রক্ত হালাল হয়নি। কেননা তারা ফিতনাগ্রস্থ হয়েছে। অতঃপর আল্লাহ বলেন,

[69] সুরা নিসা - ৮৮

[70] তাফসীরে ত্ববারী - ৮/৭

[71] তাফসীরে ত্ববারী - ৮/১৩

﴿ فَمَا لَكُمْ فِي الْمُنَافِقِينَ فِئَتَيْنِ ﴾

"তোমাদের কি হলো যে, তোমরা মুনাফিকদের সম্বন্ধে দুই দল হয়ে গেলে।" [72],[73] তার رَحِمَهُ اللهُ এর উক্তি শেষ।

দলিলসমূহের আরো একটি হলঃ আলিমগণের একদল এটাকে প্রাধান্য দিয়েছেন যে, প্রথমে ওমর ইবনে খাত্তাব رَضِيَ اللهُ عَنْهُ যাকাত প্রদানে অস্বীকৃতি জ্ঞাপনকারীদের তাকফির করার ব্যাপারে দ্বিধান্বিত ছিলেন। যখন আবু বকর رَضِيَ اللهُ عَنْهُ তার নিকট তাদের কুফরি স্পষ্টভাবে বর্ণনা করলেন তখন তিনি তাতে একমত হলেন। অথচ তিনি তাদের ব্যাপারে দ্বিধান্বিত থাকার কারণে আবু বকর رَضِيَ اللهُ عَنْهُ তাকে তাওবা করতে বলেন নি।

আর ওমর رَضِيَ اللهُ عَنْهُ থেকে সহিহ সূত্রে বর্ণিত হয়েছে যে, তিনি আবু বকর رَضِيَ اللهُ عَنْهُ কে মুরতাদদের ব্যাপারে বলেন, "আমরা কিভাবে লোকদের সাথে যুদ্ধ করব? অথচ আল্লাহর রাসুল ﷺ বলেছেন, "আমাকে মানুষের সাথে লড়াই করার আদেশ করা হয়েছে যতক্ষণ না তারা বলে, আল্লাহ ব্যতীত কোন ইলাহ নেই। তাই যে ব্যক্তি তা বলবে তার জীবন ও সম্পদ আমার থেকে নিরাপদ। তবে ইসলামের হক্ব ব্যতীত, আর এর হিসাব আল্লাহর নিকট।"[74]

সালাফদের কতিপয় ইমামগণ বিষয়টির শুরুতে - ঐ ব্যক্তির কুফরির ক্ষেত্রে দ্বিধায় ছিলেন, যে বলে কুরআন (আল্লাহর) সৃষ্টি এবং যারা জাহমিয়্যাদের ব্যাপারে প্রচণ্ড কঠোরতা থাকা সত্ত্বেও তাদের কুফরির ব্যাপারে অজ্ঞ। সুতরাং একারণে তারা কাফির হবে না। যখন তাদের নিকট তাদের কুফরির ব্যাপারে দলিল বর্ণনা করা হয়েছে তখন তারা তাদের ব্যাপারে আর দ্বিধায় ছিলেন না।

---

[72] সুরা নিসা - ৮৮

[73] তাফসীরুল কুরআনিল আযীম লি-ইবনে আবী যামানিন - ১/৩৯২

[74] মুত্তাফাক্বুন আলাইহি, সহিহ বুখারী - ৩/২২/১৮৮৪, সহিহ মুসলিম- ৮/১২১/৭১৩২

আর তাদের পূর্বের দ্বিধান্বিত থাকার কারণে তারা নতুনভাবে ইসলাম গ্রহণও করেন নি।

ইয়াকুব ইবনে ইবরাহীম আদ-দাওরক্বী থেকে বর্ণিত তিনি বলেন, "আমি **আহমাদ ইবনে হাম্বলকে** ঐ ব্যক্তির ব্যাপারে জিজ্ঞাসা করেছি, যে বলে, 'কুরআন মাখলুক'। অতঃপর তিনি বললেন, **আমি তাদেরকে তাকফির করতাম না** যতক্ষণ না আমি কুরআনের আয়াতসমূহ পাঠ করেছি -

﴿ وَلَئِنِ ٱتَّبَعْتَ أَهْوَاءَهُم مِّنۢ بَعْدِ مَا جَاءَكَ مِنَ ٱلْعِلْمِ ﴾

"তোমার নিকট জ্ঞান আসার পরেও তুমি যদি তাদের প্রবৃত্তির অনুসরণ কর।"[75]

আল্লাহর বাণীঃ

﴿ بَعْدَ ٱلَّذِي جَاءَكَ مِنَ ٱلْعِلْمِ ﴾

"তোমার নিকট জ্ঞান আসার পরেও।"[76]

আল্লাহর বাণীঃ

﴿ أَنزَلَهُۥ بِعِلْمِهِۦ ﴾

"তিনি তা অবতীর্ণ করেছেন নিজ জ্ঞানে।"[77],[78]

---

[75] সুরা বাকারাহ - ১৪৫

[76] সুরা বাক্বারাহ -১২০

[77] সুরা নিসা - ১৬৬

ইবনে আম্মার আল-মু'ছিলী থেকে বর্ণিত হয়েছে তিনি বলেন, "আমাকে ইবনুল মাদীনী বলেন, তাদেরকে তাকফির করতে কোন জিনিস তোমাকে বাধা প্রদান করল? অর্থাৎ জাহমিয়্যাদের। তিনি বলেন, **আমি প্রথমে তাদের তাকফির করা থেকে বিরত থাকতাম।** এমনকি ইবনুল মাদীনী যা বলার বললেন। অতঃপর যখন তিনি কষ্ট করে উত্তর দিলেন তখন আমি আল্লাহকে স্মরণ করে একটি কিতাব লিখলাম এবং তিনি তাদের তাকফিরের ব্যাপারে যা বলেছেন তাও উল্লেখ করলাম।"[79]

এর মাধ্যমে আমরা প্রথম মাস'আলা সমাপ্ত করলাম।

▲ **এখন আমরা দ্বিতীয় মাস'আলা বর্ণনা করা শুরু করবঃ** মুশরিকদের তাকফিরের ক্ষেত্রে দ্বিধান্বিত ব্যক্তির কুফরির কারণ, সবাব ও হেতু কি?

উত্তরঃ শারীয়াহ'কে মিথ্যাপ্রতিপন্ন করা ও তা প্রত্যাখ্যান করা।

তাই এই (ঈমান) ভঙ্গকারী বিষয়ের ব্যাপারে আহলুল ইলমগণের বক্তব্যের দিকে তাকালে দৃশ্যত স্পষ্ট যে, **কাফিরের ব্যাপারে দ্বিধান্বিত ব্যক্তির কুফরির কারণ শারীয়াহ'কে মিথ্যাপ্রতিপন্ন করা এবং তা প্রত্যাখ্যান করার দিকে নিয়ে যায়।** তা আসলুদ-দ্বীন ভঙ্গ করার দিক থেকে নয়।

অধিকাংশ আহলুল ইলমগণ এই কারণের আলোচনা একাধিকবার করেছেন এই বাস্তবতার ভিত্তিতে যে, নিশ্চয়ই কুফর হল মুতাওয়াতির আহকামকে অস্বীকার করা যার ব্যাপারে ইজমা রয়েছে অথবা এমন বিষয়কে অস্বীকার করা যা দ্বীনি আবশ্যকীয়তার কারণে পূর্ব থেকেই জ্ঞাত।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ رَحِمَهُ الله বলেন, "কুফর হল এমন বিষয়কে অস্বীকার করা যা দ্বীনি আবশ্যকীয়তার কারণে জানা যায় অথবা মুতাওয়াতির,

---

[78] ইবনু আবী ইয়ালা ত্ববাক্বাতুল হানাবিলায় খল্লালের কিতাব থেকে নকল করেছেন - ১/৪১৪ হাসান সনদ

[79] খতিব বাগদাদী তারিখে বাগদাদে সহিহ সনদে বর্ণনা করেন - ১৩/৪২১

ইজমাকৃত এবং এমন অন্যান্য আহকামকে অস্বীকার করা।"[80]

কাফিরের ব্যাপারে দ্বিধান্বিত ব্যক্তির কুফরির কারণের উপর আহলুল ইলমগণ যে বক্তব্য দিয়েছেন তার কিছু ক্বওল (উক্তি) আমরা আপনাদের নিকট উপস্থাপন করছিঃ

ক্বাযী ইয়ায ইহুদী, খ্রিস্টান এবং দ্বীনে ইসলাম থেকে বিচ্ছিন্ন হয়ে যায় - তাদের ব্যাপারে মুতাওয়াক্বিফ বা দ্বিধান্বিত ব্যক্তিকে তাকফির করার কারণ বর্ণনা করেছেন, যা তিনি বাক্বিল্লানী থেকে নক্বল করেছেন, তিনি বলেন, "কেননা তাওক্বীফ (নাযিলকৃত বাণী) ও ইজমা তাদের কুফরির ব্যাপারে একমত হয়েছে। **সুতরাং যে ব্যক্তি এ ক্ষেত্রে ইতস্তত করল সে দলিল ও তাওক্বীফকে মিথ্যাপ্রতিপন্ন করল অথবা এব্যাপারে সন্দেহে পতিত হল।** আর মিথ্যাপ্রতিপন্ন করা অথবা এব্যাপারে সন্দেহে পতিত হওয়া শুধুমাত্র একজন কাফিরের থেকে সংঘটিত হয়।"[81] তার উক্তি শেষ।

ইবনুল ওয়াযির আছ-ছনআনী رَحِمَهُ الله মূর্তির ইবাদাতকারীর ব্যাপারে সন্দেহ পোষণকারীর এবং যে তাকে তাকফির করে না, তাদের তাকফির করার বিষয়ে বলেন, **"এছাড়া আর কোন কারণ নেই যে, তাদের কুফর দ্বীনি আবশ্যকতার কারণে জ্ঞাত।"**[82]

শাইখ আব্দুল্লাহ ইবনে মুহাম্মাদ ইবনে আব্দুল ওয়াহহাব رَحِمَهُ الله ঐ ব্যক্তির তাকফিরের কারণ বর্ণনা করেছেন - যে বলে, নিশ্চয়ই যে ব্যক্তি দুই সাক্ষ্য দিবে তাকে তাকফির করা জায়েয নেই। যদিও সে আল্লাহ ব্যতীত অন্যের ইবাদাত করে। অতঃপর তিনি বলেন, **"কেননা এই উক্তিকারী আল্লাহ ও তার**

[80] মাজমুউল ফাতাওয়া - ১/১০৬

[81] আশ-শিফা বি-তা'রীফি হুকুক্বিল মুস্তফা - ২/২৮০

[82] আর-রওদুল বাসিম - ২/৫০৯

রাসূলকে এবং মু'মিনদের ইজমাকে মিথ্যাপ্রতিপন্ন করল।"[83] তার উক্তি শেষ।

নাজদী দাওয়াহ'র কতিপয় ইমামগণ বলেন, **"যে ব্যক্তি মুশরিকদের তাকফির করে না, সে কুরআন মিথ্যাপ্রতিপন্নকারী।** কারণ কুরআন মুশরিকদের তাকফির করেছে এবং তাদেরকে তাকফির করা, তাদের সাথে শত্রুতা করা ও যুদ্ধ করার আদেশ দিয়েছে।"[84] তাদের উক্তি শেষ।

আমরা এতটুকুই যথেষ্ট মনে করছি। আগামী পর্বে সাক্ষাৎ করব ইনশাআল্লাহ তা'আলা।

আমরা আল্লাহ তা'আলার নিকট সাহায্য, তাওফীক্ব ও সহায়তা কামনা করছি। আল্লাহ তার বান্দা ও রাসুল মুহাম্মাদের উপর এবং তার পরিবার ও সঙ্গীদের উপর সালাত ও সালাম বর্ষণ করুন এবং বারাকাহ দান করুন।

---

[83] আদ-দুরারুস সানিয়্যাহ -১০/২৫০

[84] আদ-দুরারুস সানিয়্যাহ - ৯/২৯১

চতুর্থ পর্বঃ

الحَمْدُ لله ربِّ العٰلمِينَ، والعَاقِبةُ للمُتّقِينَ، وَلا عُدوَانَ إلا على الظّالِمينَ

وَأَشْهَدُ أنْ لا إلٰه اللّهُ وَحْدَهُ لا شَرِيكَ لَهُ المَلِكُ الحَقُّ المُبِين، وأَشْهَدُ أنّ

مُحَمّدًا عَبْدُهُ ورَسُولُهُ إمَامُ الأوّلِينَ والآخِرِينَ، أمّا بَعْدُ؛

সকল প্রশংসা জগৎসমূহের রব আল্লাহর জন্য এবং শুভ পরিণাম মুত্তাক্বীদের জন্য। আর শত্রুতা শুধুমাত্র অত্যাচারিদের জন্য। আমি সাক্ষ্য দিচ্ছি আল্লাহ ব্যতীত কোন ইলাহ নেই - যিনি একক যার কোন শরীক নেই, যিনি সত্য স্পষ্ট মহাঃআধিপতি। আমি আরো সাক্ষ্য দিচ্ছি মুহাম্মাদ তার বান্দা ও তার রাসুল - যিনি পূর্ববর্তী এবং পরবর্তীদের ইমাম।

অতঃপরঃ

আল্লাহর সাহায্যে আমরা এই পর্বে দুইটি মাস'আলা সম্পর্কে আলোচনা করবঃ

প্রথমঃ সকল মুশরিকদের এক স্তরে তাকফির করা হয় নাকি কয়েক স্তরে?

দ্বিতীয়ঃ আমরা এখানে মুশরিকদের তাকফির করার ক্ষেত্রে দ্বিধান্বিত ব্যক্তিদের স্তর নিয়ে আলোচনা করব।

আমরা এখন প্রথম মাস'আলা শুরু করবঃ সকল মুশরিকদের এক স্তরে তাকফির করা হয় নাকি কয়েক স্তরে?

উত্তরঃ আহলুল ইলমগণ নির্ধারণ করেছেন যে, তাকফির করা একটি শারয়ী হুকুম। দুইটি বিষয়ের ভিত্তিতে এর কয়েকটি স্তর রয়েছেঃ

প্রথমঃ শারীয়াহ'তে বিষয়টি দৃঢ়ভাবে সাব্যস্ত হওয়ার ভিত্তিতে। অর্থাৎ মানুষের

মধ্য থেকে কোন ব্যক্তির কুফরের ক্ষেত্রে শারয়ী দলিল দৃশ্যমান ও স্পষ্ট হওয়ার ভিত্তিতে। আর তা হুকুমের পরিচয়ের মাধ্যমে জানা যায়।

দ্বিতীয়ঃ নির্দিষ্ট ব্যক্তির উপর বিষয়টি দৃঢ়ভাবে সাব্যস্ত হওয়ার আলোকে - যে শিরক অথবা কুফরে লিপ্ত হয়েছে। এটাকে বলা হয় মা'রিফাতুল হাল (অবস্থার পরিচয়)। আর তা দেখা, শোনা অথবা সাক্ষীদের সাক্ষ্যদানের মাধ্যমে সংঘটিত হয়।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ رَحِمَهُ الله বলেন, "তাকফির করা একটি শারয়ী হুকুম - যা সম্পদ বৈধকরণ, রক্ত ঝরানো এবং জাহান্নামে অবস্থানের হুকুমের দিকে নিয়ে যায়। তাই এটা গ্রহণের উৎস শারয়ী সকল আহকাম গ্রহণের উৎসের মতোই। **ফলে কখনো তা নিশ্চিতভাবে হয়, কখনো তা অধিক ধারণার মাধ্যমে হয় এবং কখনো এতে সিদ্ধান্তহীনতা চলে আসে।** আর যখন সিদ্ধান্তহীনতা চলে আসে তখন তাকফির করা থেকে বিরত থাকাই উত্তম। তাকফির করার ক্ষেত্রে তাড়াহুড়ো করা ঐ ব্যক্তিদের অভ্যাস বা তবিয়তে পরিণত হয় যাদের উপর জাহালত বা অজ্ঞতা প্রাধান্য লাভ করে।"[85] তার رَحِمَهُ الله এর উক্তি শেষ।

এটা ঐ ব্যক্তির কথার বিপরীত, যে মনে করে কুফর অথবা শিরকের সকল অবস্থা এক স্তরে সীমাবদ্ধ। এমনিভাবে তা জানার ক্ষেত্রে আলিম ও জাহিল সমান। এ কথা বাতিল হওয়ার ক্ষেত্রে এবং আহলুল ইলমগণ যে বক্তব্য দিয়েছেন তা এর বিপরীত হওয়ার ক্ষেত্রে কোন সন্দেহ নেই। বরং এটা নছসমূহের (আয়াতসমূহ) বিপরীত যা প্রমাণ করে যে, কুফর একটি থেকে অন্যটি কঠিনতর বা গুরুতর। তিনি তা'আলা বলেন,

﴿ هُمْ لِلْكُفْرِ يَوْمَئِذٍ أَقْرَبُ مِنْهُمْ لِلْإِيمَانِ ۚ ﴾

[85] বাগিয়্যাতুল মুরতাদ ফির-রদ্দি আলাল মুতাফালসাফাতি ওয়াল ক্বরামাতি ওয়াল বাত্বিনিয়্যাহ- পৃষ্ঠাঃ ৩৪৫

সেদিন তারা ঈমান অপেক্ষা কুফরির বেশি নিকটবর্তী ছিল।"[86]

তিনি তা'আলা বলেন,

﴿ إِنَّمَا ٱلنَّسِيٓءُ زِيَادَةٞ فِي ٱلۡكُفۡرِۖ ﴾

"মাসকে পিছিয়ে দেওয়া শুধুমাত্র কুফরিই বৃদ্ধি করে।"[87]

তিনি তা'আলা বলেন,

﴿ إِنَّ ٱلَّذِينَ كَفَرُواْ بَعۡدَ إِيمَٰنِهِمۡ ثُمَّ ٱزۡدَادُواْ كُفۡرٗا ﴾

"নিশ্চয়ই ঈমান আনার পর যারা কুফরি করে, অতঃপর তারা কুফরি বৃদ্ধি করতে থাকে।"[88]

তিনি বলেন,

﴿ ٱلۡأَعۡرَابُ أَشَدُّ كُفۡرٗا وَنِفَاقٗا ﴾

"কুফরি ও নিফাক্বের ক্ষেত্রে বেদুঈনরা অধিকতর কঠোর।"[89]

দ্বিতীয় মাস'আলাঃ মুশরিকদের তাকফির করার ক্ষেত্রে দ্বিধান্বিত ব্যক্তিদের স্তরসমূহ...

আমরা বলি, নিশ্চয়ই মুশরিকদের ক্ষেত্রে দ্বিধান্বিত ব্যক্তিদের কয়েকটি স্তর

[86] সুরা আলে-ইমরান - ১৬৭

[87] সুরা তাওবা - ৩৭

[88] সুরা আলে-ইমরান - ৯০

[89] সুরা তাওবা - ৯৭

রয়েছে। যেগুলোর ক্ষেত্রে শারয়ী দলিলের শক্তি এবং শিরক বা কুফরের দৃশ্যমানতা প্রভাব ফেলে।

শাইখুল মুজাদ্দিদ মুহাম্মাদ ইবনে আব্দুল ওয়াহহাব رَحِمَهُ الله বলেন, "সুতরাং এই সকল তাগুত আহলুল খারজ ও অন্যান্যদের মধ্য থেকে যাদেরকে মানুষ বিশ্বাস করে, যারা আম-খাছ অর্থাৎ সকলের নিকট এই (শিরকের) ব্যাপারে প্রসিদ্ধ, যারা এর (শিরকের) জন্য প্রার্থী হয় এবং যারা মানুষকে এর (শিরকের) আদেশ করে; তাদের প্রত্যেকেই কাফির, ইসলাম থেকে মুরতাদ হয়ে গেছে। যে ব্যক্তি তাদের ব্যাপারে বিতর্কে লিপ্ত হয় অথবা তাদেরকে যারা তাকফির করে তাদের বিরোধিতা করে অথবা যে ব্যক্তি এই ধারণা করে, তাদের এই কাজ যদি বাতিলও হয় তাহলে এটা তাদেরকে কুফরের দিকে নিয়ে যায় না **এই বিতর্ককারীর সর্বনিম্ন অবস্থা হল সে একজন ফাসিক্ব** - যার লেখা ও সাক্ষ্য গ্রহণ করা হবে না এবং তার পিছনে সালাত পড়া যাবে না।"[90] তার رَحِمَهُ الله এর উক্তি শেষ।

সুতরাং আপনি তার বক্তব্যের দিকে লক্ষ্য করুন! তিনি কিভাবে এই সকল তাগুতের ব্যাপারে দ্বিধান্বিত ব্যক্তির জন্য কয়েকটি অবস্থা নির্ধারণ করেছেন, যার সর্বনিম্ন স্তরটি হল ফিসক্ব। এটাই নিশ্চিত করে যে, মুশরিকদের ক্ষেত্রে দ্বিধান্বিত ব্যক্তিদের কয়েকটি শ্রেণী ও স্তর রয়েছে।

▲ এই সকল স্তরে শারয়ী দলিলের শক্তিমত্তা ও শিরক অথবা কুফরের দৃশ্যমান হওয়া প্রভাব বিস্তার করে - এর গুরুতর হওয়ার দিকে ভ্রুক্ষেপ না করে। কখনো কখনো শিরক অধিক গুরুতর হয় কিন্তু গোপনে যা গুরুতর তার থেকে দৃশ্যমান হওয়ার ক্ষেত্রে তা কম।

এর উদাহরণসমূহঃ জাহমিয়্যাহদের শিরকের সাথে মূর্তির ইবাদাতকারীদের শিরক। সুতরাং জাহমিয়্যাহদের ক্ষেত্রে দ্বিধান্বিত ব্যক্তিকে তাকফির করার হুকুমের থেকে মূর্তির ইবাদাতকারীদের ক্ষেত্রে দ্বিধান্বিত ব্যক্তিকে তাকফির

[90] আদ-দুরারুস সানিয়্যাহ -১০/৫২

করার হুকুম অধিকতর শক্তিশালী। এটা একারণে যে, জাহমিয়্যাহ থেকে মূর্তির ইবাদাত দৃশ্যমান হওয়ার দিক থেকে অধিক গুরুতর। এর সাথে সাথে জাহমিয়্যাহ শিরকও অধিক গুরুতর।

ইবনুল ক্বাইয়্যিম رَحِمَهُ الله বলেন, "রবের পূর্ণ সিফাতসমূহ অস্বীকারকারী, নষ্টকারী থেকে রবের সিফাতসমূহ স্বীকারকারী মুশরিক উত্তম। **সুতরাং আবিদ (ইবাদাতকারী) ও মা'বুদের (আল্লাহর) মাঝে মাধ্যমের ইবাদাত করা থেকে পূর্ণ সিফাতসমূহ অস্বীকার করা ও তা বাতিল করা (এর অবস্থান) কোথায়? তার (রবের) সম্মান ও মর্যাদার কারণে ঐ মাধ্যমের ইবাদাত করে তার (রবের) নিকটবর্তী হয়।** সুতরাং অস্বীকার করণের রোগ কঠিন রোগ যার কোন প্রতিষেধক বা চিকিৎসা নেই।"[91]

তিনি رَحِمَهُ الله আরো বলেন, "সুতরাং মূর্তি, প্রতিমা, সূর্য, চন্দ্র এবং তারকাসমূহের ইবাদাতকারীদের শিরক এই সকল লোকদের (যারা পূর্ণ সিফাতকে অস্বীকার করে) তাওহীদ থেকে বেশি উত্তম। কেননা পৃথিবী সৃষ্টিকারী, তার সিফাতসমূহ, তার কর্ম, তার ক্ষমতা, তার ইচ্ছা এবং সামগ্রিক ও আংশিকের ক্ষেত্রে তার ইলম (জ্ঞান) কে সাব্যস্ত করার সাথে তাদের কর্ম উলুহিয়্যাতের ক্ষেত্রে শিরক। আর এই সকল লোকদের তাওহীদ হল তার (আল্লাহর) রুবুবিয়্যাত, উলুহিয়্যাত এবং সকল সিফাতকে অস্বীকার করা। এই তাওহীদ সকল প্রকার শিরককে আবশ্যক করে। একারণেই (আল্লাহর সিফাতসমূহকে) অস্বীকার করার ক্ষেত্রে যে যত বড়, তার শিরকও তত বড়।"[92] তার رَحِمَهُ الله এর উক্তি শেষ।

পূর্বে যা বর্ণিত হয়েছে এর উপর ভিত্তি করে আমরা তাদের (কাফির মুশরিক) কুফর ও কুফরের প্রসিদ্ধির ক্ষেত্রে প্রমাণসমূহ দৃশ্যমান হওয়ার আলোকে কাফির ও মুশরিকদের ব্যাপারে দ্বিধান্বিত ব্যক্তিদের (যারা তাকফির করা থেকে

---

[91] আদ্দাউ ওয়াদ্দাওয়া - পৃষ্ঠাঃ ১৪৪

[92] মুখতাছার আস-সওয়া ইক্বিল মুরসালাহ- পৃঃ ১৮৬

বিরত থাকে) স্তরসমূহ উল্লেখ করব। এই ব্যাপারে আহলুল ইলমগণের বক্তব্যের উপর নির্ভর করব।

প্রথম স্তরঃ যে এমন ব্যক্তির ব্যাপারে দ্বিধা করে যার কুফরি আহলুল মিলাল অর্থাৎ অন্যান্য ধর্মের দ্বীন থেকে আবশ্যকীয়ভাবে জানা যায়। এর মধ্যে রয়েছেঃ

প্রথমতঃ যে ইবিলিস অথবা ফিরআউন অথবা এমন ব্যক্তির ব্যাপারে দ্বিধা করে যে নিজে ইলাহ দাবি করে অথবা অন্যের জন্য ইলাহ দাবি করে।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ رَحِمَهُ ٱللَّٰهُ এমন ব্যক্তির তাকফিরের ব্যাপারে বলেন - যে ফিরআউনকে তাকফির করে না, **"আহলুল মিলাল অর্থাৎ মুসলিম, ইহুদী ও খ্রিস্টানদের দ্বীন থেকে আবশ্যকীয়ভাবে জানা যায় যে,** নিশ্চয়ই ফিরআউন সৃষ্টির মধ্যে সবচেয়ে বেশি আল্লাহর সাথে কুফরি করেছে।"[93] তার رَحِمَهُ ٱللَّٰهُ এর উক্তি শেষ।

দ্বিতীয়তঃ যে মূর্তির ইবাদাতকারীদের ব্যাপারে দ্বিধা করে। যদিও তারা ইসলামের সাথে সম্পৃক্ত থাকে।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ رَحِمَهُ ٱللَّٰهُ এমন ব্যক্তির তাকফিরের ব্যাপারে বলেন - যে মূর্তির ইবাদাত করাকে সঠিক মনে করে, "যে ব্যক্তি তাদেরকে তাকফির করে না সে ইহুদী খ্রিস্টানদের থেকে বড় কাফির। **কেননা ইহুদী খ্রিস্টানরাও মূর্তির ইবাদাতকারীদের তাকফির করে।**"[94] তার উক্তি শেষ।

ইবনুল ওয়াযির আছ-ছনআনী رَحِمَهُ ٱللَّٰهُ বলেন, "এতে কোন সন্দেহ নেই, যে ব্যক্তি মূর্তির ইবাদাতকারীর কুফরিতে সন্দেহ করে এবং তাকে তাকফির করে না, তাকে তাকফির করা ওয়াজিব হয়ে যায়। কেননা তার কুফরি **দ্বীনের**

---

[93] মাজমুউল ফাতাওয়া - ২/১২৫

[94] মাজমুউল ফাতাওয়া - ২/১২৮

আবশ্যকীয় বিষয় দ্বারা জানা যায়।"[95] তার উক্তি শেষ।

এই স্তরের ক্ষেত্রে দ্বিধান্বিত ব্যক্তির হুকুম হল কুফর এবং এব্যাপারে এমন ব্যক্তির জাহালতের উজর গ্রহণযোগ্য হবে না যার নিকট রিসালাতের হুজ্জাত পৌঁছেছে।

দ্বিতীয় স্তরঃ যে এমন ব্যক্তির ব্যাপারে দ্বিধা করবে যাদের কুফরি বিশেষভাবে মুসলিমদের দ্বীন থেকে আবশ্যকীয়ভাবে জানা যায়। যেমন- যে ব্যক্তি ইহুদী ও খ্রিস্টানদের ব্যাপারে দ্বিধা করে অথবা প্রত্যেক এমন ব্যক্তির ব্যাপারে যে দ্বীনে ইসলাম থেকে বিচ্ছিন্ন হয়ে যায়।

ক্বাযী ইয়ায رَحِمَهُ الله বলেন, "আমরা ঐ ব্যক্তিকে তাকফির করি যে এমন ব্যক্তিকে তাকফির করে না - যে মুসলিমদের মিল্লাত ব্যতীত অন্য মিল্লাতের (ধর্ম) প্রতি নতিস্বীকার করে অথবা তাদের ব্যাপারে ইতস্তত করে বা দ্বিধা করে অথবা সন্দেহ পোষণ করে অথবা তাদের মতকে সঠিক মনে করে।"[96] তার উক্তি শেষ।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ رَحِمَهُ الله বলেন, "যে ব্যক্তি তার (মুহাম্মাদ) ﷺ এর আগমনের পর ইহুদী খ্রিস্টানদের দ্বীনকে দ্বীন হিসেবে গ্রহণ করাকে হারাম মনে করে না, বরং তাদেরকে তাকফির করে না ও তাদের সাথে বিদ্বেষ পোষণ করে না, সে **সকল মুসলিমদের ঐক্যমতে** মুসলিমদের অন্তর্ভুক্ত নয়।"[97] তার উক্তি শেষ।

এই স্তরের ক্ষেত্রে দ্বিধান্বিত ব্যক্তির হুকুম হল কুফর এবং এব্যাপারে এমন ব্যক্তির জাহালতের উজর গ্রহণযোগ্য হবে না যার নিকট রিসালাতের হুজ্জাত পৌঁছেছে।

---

[95] আর-রওদুল বাসিম - ২/৫০৯

[96] আশ-শিফা বি-তা'রীফি হুকুক্বিল মুস্তফা - ২/২৮৬

[97] মাজমুউল ফাতাওয়া - ২৭/৪৬৪

তৃতীয় স্তরঃ যে এমন ব্যক্তির ব্যাপারে দ্বিধা করে যে ইসলামের সাথে সম্পৃক্ত এবং এমন কুফর অথবা শিরকে পতিত হয় যার ব্যাপারে ইজমা বা ঐক্যমত রয়েছে। এই সকল ব্যক্তিদের স্তর কয়েকটিঃ

তৃতীয় স্তরের প্রথম প্রকারঃ যার নিকট কোন তা’ওয়ীল বা ব্যাখ্যা নেই। হয়তো তার নিকট অবস্থা (যে কুফরিতে লিপ্ত) বর্ণনা করার উপর সীমাবদ্ধ হবে, অথবা তাদের (কাফিরদের) ব্যাপারে শারীয়াহ’র হুকুম বর্ণনা করার উপর সীমাবদ্ধ হবে, অথবা তার (দ্বিধান্বিত ব্যক্তি) নিকট কুফরিতে লিপ্ত ব্যক্তির অবস্থা এবং কুফরিতে লিপ্ত ব্যক্তির ব্যাপারে শারীয়াহ’র হুকুম বর্ণনা করা হবে। এটা শিরক প্রকাশ পাওয়া ও যাদের ব্যাপারে দ্বিধা করা হয় তাদের অবস্থা প্রকাশ পাওয়ার ভিত্তিতে হবে। সুতরাং এর পরেও যদি সে দ্বিধা করে বা তাকফির করা থেকে বিরত থাকে তাহলে সে কাফির হবে। আর যদি তাদের (যারা কুফরিতে লিপ্ত) অবস্থা দৃশ্যমান হয় এবং তাদের (যারা কুফরিতে লিপ্ত) ব্যাপারে শারীয়াহ’র হুকুমও দৃশ্যমান হয় তাহলে কোন বর্ণনা করা ছাড়াই দ্বিধান্বিত ব্যক্তিকে কুফরের হুকুম দেওয়া হবে।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ رَحِمَهُ اللهُ বাতিনীদের একদলের ব্যাপারে বলেন, “যে ব্যক্তি তাদের ব্যাপারে ভালো ধারণা করবে এবং এই দাবি করবে যে, সে তাদের অবস্থা জানে না তাহলে তাকে তাদের অবস্থা জানানো হবে। অতঃপর যদি সে তাদের পরিত্যাগ না করে এবং তাদেরকে অস্বীকার না করে তাহলে তাকে তাদের সাথে সম্পৃক্ত করা হবে এবং তাদের থেকেই গণ্য করা হবে।”[98] তার উক্তি শেষ।

▲ **সুতরাং আপনি লক্ষ্য করুন, এখানে শাইখুল ইসলাম এই দলের ব্যাপারে দ্বিধান্বিত ব্যক্তিকে তাকফির করার ক্ষেত্রে তাদের অবস্থা তাকে (দ্বিধান্বিত ব্যক্তিকে) জানানোর উপর সীমাবদ্ধ করেছেন।**

শাইখ সুলাইমান ইবনে আব্দুল্লাহ رَحِمَهُ اللهُ তার সময়ের কিছু মুরতাদদের

---

[98] মাজমুউল ফাতাওয়া - ২/১৩২

ব্যাপারে বলেন, "যদি সে তাদের কুফরির ব্যাপারে সন্দেহ পোষণ করে অথবা তাদের ব্যাপারে জাহিল হয়, তাহলে তার নিকট তাদের কুফরির ব্যাপারে আল্লাহর কিতাব ও আল্লাহর রাসুল ﷺ এর সুন্নাহ থেকে দলিল পেশ করা হবে। এরপরেও যদি সে সন্দেহ পোষণ করে অথবা দ্বিধা করে তাহলে সে **সকল আলেমগণের ঐক্যমতে** কাফির। এই ভিত্তিতে যে, নিশ্চয়ই যে ব্যক্তি কাফিরের কুফরিতে সন্দেহ পোষণ করে সে কাফির।"[99] তার رَحِمَهُ الله এর উক্তি শেষ।

▲ **আমরা লক্ষ্য করছি এখানে শাইখ সুলাইমান দ্বিধান্বিত ব্যক্তিকে তাকফির করার পূর্বে শারয়ী হুকুম বর্ণনা করাকে শর্তারোপ করেছেন।**

ইমাম আবু হাতিম আর-রাযী رَحِمَهُ الله এমন ব্যক্তির ব্যাপারে বলেন - যে বলে কুরআন আল্লাহর সৃষ্টি - "যে ব্যক্তি তার কুফরির ব্যাপারে জেনে বুঝে সন্দেহ পোষণ করবে সে কাফির হবে। **আর যে ব্যক্তি জানে না সেক্ষেত্রে তাকে জানানো হবে। অতঃপর যদি সে তাকে তাকফির করার ব্যাপারে হক্বের নিকট অনুগত বা মাথা নত না করে তাহলে তার উপরেই কুফর আরোপ করা হবে।**"[100] তার رَحِمَهُ الله এর উক্তি শেষ।

▲ **এই অবস্থাতেও আবু হাতিম দ্বিধান্বিত ব্যক্তিকে তাকফির করার পূর্বে তাকে জানানো শর্তারোপ করেছেন।**

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ رَحِمَهُ الله হুলুলিয়্যাদের (সর্বেশ্বরবাদী) ব্যাপারে বলেন, "যে ব্যক্তি এই সকল লোকদের বক্তব্য জানার ও দ্বীনে ইসলাম জানার পরেও তাদের কুফরিতে সন্দেহ পোষণ করবে সে কাফির। **ঐ ব্যক্তির ন্যায় যে ইহুদী, খ্রিস্টান ও মুশরিকদের কুফরিতে সন্দেহ পোষণ করে।**"[101] তার উক্তি শেষ।

---

[99] আদ-দুরারুস সানিয়্যাহ - ৮/১৬০

[100] ত্ববাক্বাতুল হানাবিলা -১/২৮৬

[101] মাজমুউল ফাতাওয়া - ২/৩৬৮

▲ **তিনি এই সুরতেও 'অবস্থা' জানা ও 'শারয়ী হুকুম' জানাকে একসাথে শর্তারোপ করেছেন।**

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ رَحِمَهُ الله 'দুরুঝ' সম্প্রদায়ের ব্যাপারে বলেন, "এই সকল লোকদের কুফরির ব্যাপারে মুসলিমদের মাঝে কোন মতপার্থক্য নেই। বরং যে ব্যক্তি তাদের কুফরিতে সন্দেহ পোষণ করবে সে তাদের মতই কাফির।"[102] তার উক্তি শেষ।

▲ **আমরা এই সুরতে লক্ষ্য করছি, তিনি দ্বিধান্বিত ব্যক্তিকে তাকফির করার ক্ষেত্রে অবস্থা ও হুকুম বর্ণনা করাকে শর্তারোপ করেন নি। এটা একারণে যে, ঐ দলের অবস্থা ও তাদের কুফরির ব্যাপারে দলিলসমূহ দৃশ্যমান।**

তৃতীয় স্তরের দ্বিতীয় প্রকারঃ যার নিকট বাতিল উসুল বা মূলনীতি রয়েছে। অতঃপর সে ব্যাখ্যা করে। তাই তার উপর হুকুম হওয়ার ক্ষেত্রে নির্দিষ্ট ব্যক্তি বা দলের কুফরি অধিক দৃশ্যমান হওয়া প্রভাব ফেলে। সুতরাং কুফরি অধিক দৃশ্যমান হওয়ার অবস্থায় তাকে কাফির, অবাধ্য ও তার ব্যাখ্যার মাধ্যমে নিজেকে আড়ালকারী হিসেবে গণ্য করা হবে। আর অন্যান্য অবস্থাগুলোতে তাকে তাকফির ও তাফসিক্ব করার মাঝে ভিন্ন মত রয়েছে।

বাতিনী এক দলের ব্যাপারে শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ رَحِمَهُ الله বলেন, "যে ব্যক্তি বলে, 'তাদের কথায় ব্যাখ্যা রয়েছে যা শারীয়াহ'র মুওয়াফিক্ব হয়' নিশ্চয়ই সে তাদের নেতা ও ইমামদের মধ্য থেকে একজন। কেননা যদি সে বুদ্ধিমান হয় তাহলে সে যা বলেছে এব্যাপারে তার নিজের মিথ্যাবাদিতা সে জানে। আর যদি সে এব্যাপারে বাতিনী যাহিরী আক্বীদাহ পোষণ করে তাহলে সে খ্রিস্টানদের থেকেও বড় কাফির। সুতরাং যে ব্যক্তি এই সকল লোকদেরকে তাকফির করে না ও তাদের কথার জন্য ব্যাখ্যা নির্ধারণ করে, সে ত্রিত্ববাদ ও

---

[102] মাজমুউল ফাতাওয়া - ৩৫/১৬২

ঐক্যের কারণে খ্রিস্টানদেরকে তাকফির করা থেকে অধিক দূরে থাকবে।"[103]

তিনি رَحِمَهُ الله আরো বলেন, "যে কাফিরকে কাফির সাব্যস্ত করে না তাকে তাকফির করার ব্যাপারে তার - অর্থাৎ ইমাম আহমাদ - থেকে দু'টি মত বর্ণিত হয়েছে - অর্থাৎ যে জাহমিয়্যাহদের তাকফির করে না তাকে তাকফির করার ব্যাপারে - এদুইটির সঠিক মত হল সে কাফির হবে না।"[104] তার উক্তি শেষ।

ইমাম বুখারী رَحِمَهُ الله বলেন, "আমি ইহুদী, খ্রিস্টান ও মাজুসীদের বক্তব্য পর্যালোচনা করলাম। ফলে আমি কুফরির ক্ষেত্রে তাদের অর্থাৎ জাহমিয়্যাহদের থেকে অধিক পথভ্রষ্ট কোন জাতি দেখিনি। **যে ব্যক্তি তাদেরকে তাকফির করে না আমি তাকে জাহিল বা অজ্ঞ মনে করি।** তবে যে তাদের কুফরি জানে না সে ব্যতীত।"[105] তার رَحِمَهُ الله এর উক্তি শেষ।

ইমাম বুখারীর কথা থেকে স্পষ্ট হল যে, তিনি জাহমিয়্যাহদের ব্যাপারে দ্বিধান্বিত ব্যক্তিকে তাকফির না করার মত দিয়েছেন। যেমন আহমাদ থেকে বর্ণিত দুই রিওয়ায়েতের (মতের) একটি।

মিরদাওয়ী رَحِمَهُ الله বলেন, "ইবনু হামিদ তার 'উছূল'এ খাওয়ারিজ, রাফীদাহ, ক্বাদারীয়্যাহ ও মুরজিয়াদের কুফর উল্লেখ করে বলেন, "**যে এমন ব্যক্তিকে তাকফির করে না - যাকে আমরা তাকফির করি - সে ফাসিক্ব ও তাকে পরিত্যাগ করা হবে।** তার কুফরির ক্ষেত্রে দুইটি মত রয়েছে।" আর তিনি ও অন্যরা মারওয়াযী, আবু তালিব, ইয়াকুব ও অন্যান্যদের বর্ণনা থেকে যা উল্লেখ করেছেন, তাহল হল সে কাফির হবে না - তার একথা বলা পর্যন্ত -মিরাজের রাত্রিতে আল্লাহর রাসুল ﷺ এর অন্তর বের করা ও তা ফিরিয়ে দেওয়ার ঘটনাকে মুতাযিলাদের অস্বীকার করার ব্যাপারে তিনি বলেন, তাদের কুফরির

[103] মাজমুউল ফাতাওয়া - ২/ ১৩৩

[104] মাজমুউল ফাতাওয়া - ১২/৪৮৬

[105] আল-মাসদারুস সাবিক্ব - ২/২৪/৩৪

ব্যাপারে দুইটি মত রয়েছে এই ভিত্তিতে যে, তার মূল হল ক্বাদারীয়্যাহ যারা আল্লাহর ইলমকে অস্বীকার করে, অথচ তা আল্লাহর একটি সিফাত। এবং ঐ ব্যক্তির কথার ভিত্তিতে যে বলে, আমি এমন ব্যক্তিকে তাকফির করি না - যে জাহমিয়্যাদের তাকফির করে না।"[106] তার رَحِمَهُ اللهُ এর উক্তি শেষ।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ رَحِمَهُ اللهُ বলেন, "সালাফগণ ও ইমামগণ **মুরজিয়া, প্রাধান্যদানকারী শিয়া - অর্থাৎ যারা শুধুমাত্র আলী رَضِيَ اللهُ عَنْهُ কে অন্যান্য সাহাবীগণের উপর প্রাধান্য দেয় কোন প্রকার অপবাদ দেওয়া ছাড়াই - ও এরকম ব্যক্তিদের তাকফির না করার ব্যাপারে** কোন বিতর্ক করেন নি। এই সকল ব্যক্তিদের তাকফির না করার ব্যাপারে আহমাদের বক্তব্যে কোন ইখতিলাফ নেই। যদিও তার সঙ্গীদের মধ্য থেকে কেউ কেউ সকল আহলুল বিদআতিদের এবং এরা ব্যতীত অন্যদের তাকফির করার ব্যাপারে তার ও তার মাজহাবের বিপরীত মত পোষণ করেছেন। এমনকি তাদের কেউ কেউ ঐ সকল ও অন্যান্য ব্যক্তিদের চিরস্থায়ী জাহান্নামে বসবাসের হুকুম দিয়েছেন। তাই মতটি তার মাজহাব ও শারীয়াহ'র আলোকে ভুল।"[107] তার رَحِمَهُ اللهُ এর উক্তি শেষ।

তৃতীয় স্তরের তৃতীয় প্রকারঃ যার নিকট সঠিক উসুল বা মূলনীতি রয়েছে। অতঃপর সে ব্যাখ্যা করে। যেমন - কতিপয় মুরতাদকে তাকফির করার ক্ষেত্রে কতক সাহাবীগণের ভুলের ব্যাপারে যা বর্ণিত হয়েছে। অথচ যারা দ্বিধায় ছিলেন আল্লাহ তা'আলা তাদের ভুল স্পষ্ট করে দেন এবং তিনি তাদের ব্যাপারে কুফরের হুকুম দেন নি।

ইবনে আব্বাস رَضِيَ اللهُ عَنْهُمَا থেকে বর্ণিত তিনি বলেন, "মক্কায় কিছু মুসলিম ছিল। তারা ইসলাম গোপন করেছিল। অতঃপর বদর যুদ্ধের দিন মুশরিকরা তাদেরকে সাথে নিয়ে যায়। ফলে তাদের কেউ বন্দি হয় এবং কেউ নিহত হয়।

---

[106] আল-ইনসফ ফি-মা'রিফাতির রজিহ মিনাল খিলাফ - ১০/৩২৪

[107] মাজমুউল ফাতাওয়া - ৩/৩৫১

অতঃপর মুসলিমরা বলল, **আমাদের এই সঙ্গীরা মুসলিম ছিল, তাদেরকে বাধ্য করা হয়েছে। তাই আপনারা তাদের জন্য ক্ষমা প্রার্থনা করুন।** অতঃপর এই আয়াত নাযিল হয়ঃ

إِنَّ الَّذِينَ تَوَفَّاهُمُ الْمَلَائِكَةُ ظَالِمِي أَنْفُسِهِمْ قَالُوا فِيمَ كُنْتُمْ ۖ قَالُوا كُنَّا مُسْتَضْعَفِينَ فِي الْأَرْضِ ۚ قَالُوا أَلَمْ تَكُنْ أَرْضُ اللَّهِ وَاسِعَةً فَتُهَاجِرُوا فِيهَا ۚ فَأُولَٰئِكَ مَأْوَاهُمْ جَهَنَّمُ ۖ وَسَاءَتْ مَصِيرًا ﴿٩٧﴾

"নিশ্চয়ই যারা নিজেদের উপর জুলুম করে তাদের মৃত্যুর সময় ফিরিস্তাগণ বলে, তোমরা কি অবস্থায় ছিলে? তারা বলে, আমরা দুনিয়ায় দূর্বল ছিলাম। তারা বলে, আল্লাহর যমিন কি প্রশস্ত ছিল না যেথায় তোমরা হিজরত করতে, তাদের আবাসস্থল জাহান্নাম। আর তা কত মন্দ আবাস।"[108] তিনি বলেন, অতঃপর মুসলিমদের মধ্য থেকে যারা অবিশিষ্ট ছিল তারা আমার নিকট এই আয়াত লিখে পাঠিয়েছে এবং এও যে, **তাদের জন্য কোন উজর নেই।** তিনি বলেন, অতঃপর তারা বের হয়ে মুশরিকদের সাথে মিলিত হয়েছে। অতঃপর তারা তাদেরকে ফিতনায় ফেলেছে। তাদের ব্যাপারে এই আয়াত নাযিল হয়েছেঃ

وَمِنَ النَّاسِ مَنْ يَقُولُ آمَنَّا بِاللَّهِ فَإِذَا أُوذِيَ فِي اللَّهِ جَعَلَ فِتْنَةَ النَّاسِ كَعَذَابِ اللَّهِ وَلَئِنْ جَاءَ نَصْرٌ مِنْ رَبِّكَ لَيَقُولُنَّ إِنَّا كُنَّا مَعَكُمْ ۚ أَوَلَيْسَ اللَّهُ

[108] সুরা নিসা - ৯৭

بِأَعْلَمَ بِمَا فِي صُدُورِ الْعَالَمِينَ ۝

"মানুষের মধ্যে কতক লোক বলে, আমরা আল্লাহর উপর ঈমান এনেছি। অতঃপর যখন আল্লাহর রাস্তায় তাদের কষ্ট দেয়া হয়, তখন তারা মানুষের নিপীড়নকে আল্লাহর শাস্তির মত মনে করে। আর যদি আপনার রবের পক্ষ থেকে কোন বিজয় আসে, তখন অবশ্যই তারা বলে, নিশ্চয়ই আমরা তোমাদের সাথে ছিলাম। জগতবাসীর অন্তরসমূহে যা কিছু আছে আল্লাহ কি তা সম্পর্কে সম্যক অবগত নন?"[109], [110]

শাইখ আব্দুল্লাহ ইবনে মুহাম্মদ ইবনে আব্দুল ওয়াহহাব رَحِمَهُ ٱللَّهُ বলেন, "আল্লাহ এই আয়াত অবতীর্ণ করেছেন এবং এতে ঐ সকল মুশরিকদের হুকুম বর্ণনা করেছেন যে, তারা ইসলামের কথা বলা সত্ত্বেও জাহান্নামী।"[111] তার উক্তি শেষ।

বর্ণিত আছে, সাহাবীগণ رَضِيَ ٱللَّهُ عَنْهُمْ কিছু মুরতাদকে তাকফির করার ব্যাপারে মতবিরোধ করেছিলেন। অতঃপর যখন আল্লাহ ঐ সকল লোকদের কুফরি স্পষ্ট করলেন তখন যে তাদের ব্যাপারে দ্বিধায় ছিল তাকে নতুন করে ইসলাম গ্রহণের আদেশ করেন নি। আল্লাহ তা'আলা বলেন,

فَمَا لَكُمْ فِي الْمُنَافِقِينَ فِئَتَيْنِ وَاللَّهُ أَرْكَسَهُمْ بِمَا كَسَبُوا ۚ أَتُرِيدُونَ أَنْ تَهْدُوا

مَنْ أَضَلَّ اللَّهُ ۖ وَمَنْ يُضْلِلِ اللَّهُ فَلَنْ تَجِدَ لَهُ سَبِيلًا ۝

---

[109] সুরা আনকাবুত - ১০

[110] তাফসীরে ত্বাবারী - ৯/১০২ - সহিহ সনদ

[111] আদ-দুরারুস সানিয়্যাহ- ১০/২৪১

"তোমাদের কি হল যে, তোমরা মুনাফিক্বদের সম্বন্ধে দুই দল হয়ে গেলে। অথচ আল্লাহ তাদেরকে তাদের কৃত কর্মের জন্য পূর্বাবস্থায় ফিরিয়ে দিয়েছেন। আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন তোমরা কি তাকে সৎপথে পরিচালিত করতে চাও? আর আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন তুমি তার জন্য কখনও কোন পথ পাবে না।"[112]

এই আয়াত নাযিল হওয়ার কারণ সম্পর্কে সহিহ সূত্রে বর্ণিত হয়েছে, নাবী ﷺ উহুদ যুদ্ধে বের হলেন, অতঃপর তার সাথে থাকা কিছু লোক ফিরে আসল। ফলে নাবী ﷺ এর সাহাবীগণ তাদের ব্যাপারে দুই দলে বিভক্ত হয়ে পড়লেন। তাদের একাংশ বলল, "আমরা তাদের সাথে যুদ্ধ করব" এবং আরেকাংশ বলল, "না"।[113]

মুজাহিদ رَحِمَهُ الله থেকে সহিহ সূত্রে বর্ণিত হয়েছে তিনি বলেন, "কিছু লোক মক্কা থেকে বের হয়ে মদিনায় গেল। তারা নিজেদেরকে মনে করত তারা মুহাজির। এর পরে তারা মুরতাদ হয়ে যায়। অতঃপর তারা নাবী ﷺ এর কাছে মক্কায় যাওয়ার অনুমতি চাইল। যাতে তারা ব্যবসায়ীক পণ্য নিয়ে আসতে পারে। ফলে মু'মিনরা তাদের ব্যাপারে মতবিরোধে জড়িয়ে পড়ে। কেউ বলল, **'তারা মুনাফিক্ব'** আবার কেউ বলল, **'তারা মু'মিন।'** অতঃপর আল্লাহ তাদের নিফাক্ব স্পষ্ট করে দিলেন এবং তাদের সাথে যুদ্ধ করার আদেশ করলেন।"[114]

ইবনে আব্বাস থেকে বর্ণিত হয়েছে তিনি বলেন, "তারা দুই দলে বিভক্ত হয়েছিল অথচ আল্লাহর রাসুল তাদের মাঝেই ছিলেন। তিনি দুই দলের কাউকে কোন ব্যাপারে নিষেধ করেননি। অতঃপর নাযিল হয়েছেঃ

---

[112] সুরা নিসা - ৮৮

[113] মুত্তাফাক্বুন আলাইহি - সহিহ বুখারী- ২/১০৫/১৩৯৯- সহিহ মুসলিম- ২/৫/৭৮১

[114] তাফসীরে ত্ববারী - ৮/৯/১০০৫২- সহিহ সনদ

فَمَا لَكُمْ فِي الْمُنَافِقِينَ فِئَتَيْنِ وَاللَّهُ أَرْكَسَهُمْ بِمَا كَسَبُوا ۚ أَتُرِيدُونَ أَنْ تَهْدُوا مَنْ أَضَلَّ اللَّهُ ۖ وَمَنْ يُضْلِلِ اللَّهُ فَلَنْ تَجِدَ لَهُ سَبِيلًا ﴿٨٨﴾

"তোমাদের কি হল যে, তোমরা মুনাফিক্বদের সম্বন্ধে দুই দল হয়ে গেলে। অথচ আল্লাহ তাদেরকে তাদের কৃত কর্মের জন্য পূর্বাবস্থায় ফিরিয়ে দিয়েছেন। আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন তোমরা কি তাকে সৎপথে পরিচালিত করতে চাও? আর আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন তুমি তার জন্য কখনও কোন পথ পাবে না।"[115],[116]

ইমাম ত্ববারী رَحِمَهُ الله আল্লাহ তা'আলার এবাণীর ব্যাখ্যায় বলেন,

﴿ فَمَا لَكُمْ فِي الْمُنَافِقِينَ فِئَتَيْنِ وَاللَّهُ أَرْكَسَهُمْ بِمَا كَسَبُوا ﴾

"তোমাদের কি হল যে, তোমরা মুনাফিক্বদের সম্বন্ধে দুই দল হয়ে গেলে। অথচ আল্লাহ তাদেরকে তাদের কৃত কর্মের জন্য পূর্বাবস্থায় ফিরিয়ে দিয়েছেন।"[117] তিনি বলেন, **"অর্থাৎ আল্লাহ তাদেরকে মুশরিকদের হুকুমের দিকে ফিরিয়ে দিয়েছেন** - তাদের রক্ত বৈধকরণ ও তাদের সন্তান-সন্ততিদের বন্দি করণের ব্যাপারে।"[118] তার رَحِمَهُ الله এর উক্তি শেষ।

ইমাম ত্ববারী رَحِمَهُ الله প্রাধান্য দিয়েছেন যে, নিশ্চয়ই এই আয়াত এমন লোকদের ব্যাপারে নাযিল হয়েছে যারা ইসলাম থেকে মুরতাদ হয়ে গেছে।

---

[115] সুরা নিসা - ৮৮

[116] তাফসীরে ত্ববারী- ১০/১০০৫৪

[117] সুরা নিসা - ৮৮

[118] তাফসীরে ত্ববারী - ৮/৭

তদ্রুপ এই আয়াত নাযিল হওয়ার কারণ সম্পর্কে সালাফগণের বক্তব্য উল্লেখ করার পর তিনি বলেন, "এব্যাপারে সবচেয়ে সঠিক কথা হল ঐ ব্যক্তির কথা যে বলে, এই আয়াত আল্লাহর রাসুল ﷺ এর সাহাবীগণের ইখতিলাফের প্রেক্ষিতে নাযিল হয়েছে, তারা **মক্কার এমন লোকদের ব্যাপারে মতবিরোধ করেছিল যারা ইসলাম গ্রহণের পর মুরতাদ হয়ে গিয়েছিল।**"[119] তার رَحِمَهُ الله এর উক্তি শেষ।

ইবনে আবী যামানীন رَحِمَهُ الله বলেন, - যিনি আহলুস সুন্নাহ'র একজন ইমাম - "তারা মদিনায় অবস্থানরত মুনাফিক্ব ছিল। অতঃপর সেখান থেকে তারা মক্কায় চলে যায়। তারা মক্কা থেকে ব্যবসার উদ্দেশ্যে ইয়ামামায় গিয়ে ইসলাম থেকে মুরতাদ হয়ে যায় এবং তাদের অন্তরের গোপনীয় শিরক তারা প্রকাশ করে। অতঃপর তাদের সাথে মুসলিমদের সাক্ষাৎ হলে তারা দুই দলে বিভক্ত হয়ে যায়। তাদের (মুসলিম) একাংশ বলল, তাদের রক্ত হালাল। কেননা তারা মুশরিক মুরতাদ। তাদের আরেকাংশ বলল, তাদের রক্ত হালাল নয়, কেননা তারা ফিতনায় পতিত হয়েছে। অতঃপর আল্লাহ তা'আলা বললেন,

﴿ فَمَا لَكُمْ فِي ٱلْمُنَافِقِينَ فِئَتَيْنِ ﴾

"তোমাদের কি হল যে, তোমরা মুনাফিক্বদের ব্যাপারে দুই দলে বিভক্ত হয়ে গেলে।"[120],[121] তার رَحِمَهُ الله এর উক্তি শেষ।

আলেমগণের একদল এটাকেও প্রাধান্য দিয়েছেন যে, ওমর ইবনুল খত্তাব رَضِيَ اللهُ عَنْهُ শুরুতে যাকাত দিতে অস্বীকৃতি জ্ঞাপনকারীদের তাকফির করতে দ্বিধায় ছিলেন। যখন আবু বকর رَضِيَ اللهُ عَنْهُ তার নিকট তাদের কুফরি স্পষ্ট

---

[119] তাফসীরে ত্ববারী- ৮/১৩

[120] সুরা নিসা - ৮৮

[121] তাফসীরুল কুরআনিল আযীয লি-ইবনে আবী যামানীন- ১/৩৯৩

করলেন তখন তিনিও একমত হয়েছেন। অথচ তিনি তাদের ব্যাপারে দ্বিধায় থাকার কারণে তাকে তাওবা করতে বলা হয়নি। আর ওমর رَضِيَ اللَّهُ عَنْهُ থেকে সহিহ সূত্রে বর্ণিত হয়েছে যে, তিনি আবু বকর رَضِيَ اللَّهُ عَنْهُ কে 'মুরতাদদের' ব্যাপারে বললেন, আপনি কিভাবে মানুষদের সাথে লড়াই করবেন? অথচ আল্লাহর রাসুল ﷺ বলেছেন, "আমাকে মানুষের সাথে লড়াই করার আদেশ করা হয়েছে যতক্ষণ না তারা বলে, আল্লাহ ব্যতীত কোন ইলাহ নেই। তাই যে ব্যক্তি তা বলবে তার জীবন ও সম্পদ আমার থেকে নিরাপদ। তবে ইসলামের হক্ব ব্যতীত, আর এর হিসাব আল্লাহর নিকট।"[122]

▲ **এই অবস্থার হুকুমঃ** দ্বিধান্বিত ব্যক্তিকে শুরুতেই তাকফির করা হবে না। বরং তার উপর ভুলের হুকুম দেওয়া হবে। আর এই হুকুম এই ভিত্তির উপর প্রতিষ্ঠিত যে, তাকফির করা একটি শারয়ী হুকুম এবং এব্যাপারে ভুল ইজতিহাদকারীর হুকুম অন্যান্য শারয়ী মাস'আলায় ভুলকারীর হুকুমের মতই। সুতরাং যখন তার নিকট দলিল স্পষ্ট করা হবে এবং তার তা'ওয়ীলের অবসান হবে। অতঃপর এরপরেও যদি সে দ্বিধায় থাকে বা বিরত থাকে তখন সে কাফির হবে।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ رَحِمَهُ اللَّهُ বলেন, "প্রকাশ্য মুতাওয়াতির ওয়াজিব বিষয়গুলোকে আবশ্যক মনে করে ও প্রকাশ্য মুতাওয়াতির হারাম বিষয়গুলোকে হারাম মনে করে ঈমান আনয়ন করা দ্বীনের ভিত্তি এবং ঈমানের মূলনীতিসমূহের একটি। এগুলোর অস্বীকারকারী সর্বসম্মতিক্রমে কাফির। **এর সাথে সাথে এগুলোর কোন অংশে ভুল ইজতিহাদকারী সর্বসম্মতিক্রমে কাফির নয়।**"[123] তার رَحِمَهُ اللَّهُ এর উক্তি শেষ।

শাইখ সুলাইমান ইবনে সাহমান رَحِمَهُ اللَّهُ বলেন, "অতঃপর যদি স্থীর করা হয়, আলেমগণের কোন একজন জাহিল অনুসারী জাহমিয়্যাহদের কাউকে অথবা

---

[122] মুত্তাফাক্বুন আলাইহি, সহিহ বুখারী - ৩/২২/১৮৮৪, সহিহ মুসলিম- ৮/১২১/৭১৩২

[123] মাজমুউল ফাতাওয়া - ১২/৪৯৬

জাহিল অনুসারী কবরের ইবাদাতকারীদের কাউকে তাকফির করা থেকে বিরত থাকে বা দ্বিধায় থাকে তাহলে তার ব্যাপারে আমাদের এই উজর পেশ করা সমর্থন যোগ্য যে, তিনি ভুলকারী ও মা'জুর। তিনি ভুল থেকে নিরাপদ না হওয়ায় আমরা তাকে তাকফির করবো না। আর এব্যাপারে অকাট্য ইজমা রয়েছে।"[124] তার উক্তি শেষ।

চতুর্থ স্তরঃ যে এমন ব্যক্তির ব্যাপারে দ্বিধা করে - যে কোন শিরক অথবা কুফরিতে লিপ্ত হয়। আর তার দ্বিধান্বিত হওয়ার কারণ হল শারয়ী বৈধ উদ্দেশ্য। এর কয়েক প্রকারঃ

১. যে এমন ব্যক্তির ব্যাপারে দ্বিধা করে - যে এমন শিরক অথবা কুফরিতে লিপ্ত হয়, যে শিরক ও কুফরি মিল্লাত থেকে বের করে দেওয়ার ব্যাপারে ইখতিলাফ রয়েছে। যেমন- সালাত পরিত্যাগ করা।

২. মুসলিম আলেমদের তাকফির করাকে প্রতিরোধ করার উদ্দেশ্যে যে এমন ব্যক্তির ব্যাপারে দ্বিধা করে যে শারয়ী ইলমের সাথে সম্পৃক্ত।

এই দুই সুরতে দ্বিধান্বিত ব্যক্তির হুকুম হল তিনি একজন প্রতিদান প্রাপ্ত মুজতাহিদ বি-ইযনিল্লাহ। যদি তিনি সঠিক ইজতিহাদ করেন তাহলে তার জন্য দুইটি প্রতিদান রয়েছে। আর যদি তিনি ভুল ইজতিহাদ করেন তাহলে তার জন্য একটি প্রতিদান রয়েছে।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ رَحِمَهُ ٱللَّهُ বলেন, "মুসলিম আলেমদের তাকফির প্রতিরোধ করা - যদিও তারা ভুল করে- শারয়ী উদ্দেশ্যের অধিকতর হকদার। এমনকি যদি ধরে নেওয়া হয়, বক্তার তাকফির প্রতিরোধ করাটা এই বিশ্বাসে হয় যে, সে কাফির নয় - তাকে রক্ষা করার জন্য এবং তার মুসলিম ভাইকে সাহায্য করার জন্য তাহলে অবশ্যই এটা শারয়ী উত্তম উদ্দেশ্য হবে। যখন তিনি এব্যাপারে ইজতিহাদ করে সঠিক করবেন তখন তার জন্য দুইটি

[124] কাশফুল আওহাম ওয়াল-ইলতিবাস - পৃঃ ৭০

প্রতিদান রয়েছে। আর যদি তিনি এব্যাপারে ইজতিহাদ করে ভুল করেন তাহলে তার জন্য একটি প্রতিদান রয়েছে।"[125] তার উক্তি শেষ।

▲ **এখানে একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন রয়েছে। তা হল- এই স্তরসমূহে কবর পূজারী বা কবরের ইবাদাতকারীর ব্যাপারে দ্বিধান্বিত ব্যক্তির স্তর কোথায়?**

